

টাঙ্গাইলের মির্জাপুরে এসএসসি নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরও ফরম পূরণ করতে পারছে না ফারজানা আক্তার নামের এক ছাত্রী। জেএসসি পরীক্ষায় ফেল করেছে—এই অজুহাতে তাকে ফরম পূরণ করতে দিচ্ছে না স্কুল কর্তৃপক্ষ। ফারজানা আক্তার গেড়ামারা গোহাইলবাড়ী সবুজ সেনা উচ্চ বিদ্যালয়ের এবারের এসএসসি পরীক্ষার্থী। সে উপজেলার চান্দুলিয়া গ্রামের ফজলুর রহমানের মেয়ে।

এ ঘটনায় গত বৃহস্পতিবার বিচার চেয়ে ইউএনও আবদুল মালেকের কাছে লিখিত অভিযোগ করেছে ভুক্তভোগী ওই ছাত্রী।

জানা যায়, ফারজানা আক্তার ২০১৭ সালে গেড়ামারা গোহাইলবাড়ী সবুজ সেনা উচ্চ বিদ্যালয় থেকে জেএসসি পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষায় পাস করলে একই বিদ্যালয়ের নবম শ্রেণির মানবিক শাখায় ভর্তি হয়। এবারের এসএসসির নির্বাচনী পরীক্ষায় সব বিষয়ে উত্তীর্ণ হয় ফারজানা। এরপর তার কাছ থেকে ফরম পূরণ বাবদ চার হাজার ২৫০ টাকাও নেওয়া হয়। কিন্তু জেএসসি পরীক্ষায় ফেল করার অজুহাত দেখিয়ে বিদ্যালয় কর্তৃপক্ষ দুই দিন পর তাকে টাকা ফেরত দেয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোজাম্মেল হক জানান, ফারজানা আক্তার নামে দশম শ্রেণিতে আরেকজন ছাত্রী রয়েছে। ফজলুর রহমানের মেয়ে ফারজানা তার রোল নম্বর দিয়ে পরীক্ষা দিয়েছে। বিষয়টি নজরে এলে তার ফরম পূরণের টাকা ফেরত দেওয়া হয়।